গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৯৫.১৮-৩০৭

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬
১৩ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১২২৬২/২০১৩ এর ১১/১০/২০১৭ তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতকরণের বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি প্রেরণ।

সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৯৫.১৮-২৩৯, তারিখ: ০৫/০৭/২০১৮ খ্রি.।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০৯৫.১৮-৫২৬, তারিখ: ১৯/১২/২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন শুকুরেরহাট ইসলামিয়া আলিম মাদ্রাসাটি অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/ এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক এবং ৩১/০৫/২০১০ খ্রি. তারিখের শিম/শাঃ১৩/ এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারক দ্বারা এমপিও তালিকায় নির্বাচিত করা হয়।

০২ পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ১৬/৬/২০১০ তারিখের শিম/শাঃ১৩/ এমপিও-১২/২০০৯/২২৯ সংখ্যক স্মারকের মাধ্যমে এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়।

০৩ এর ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, জনাব মো: ফজলুল হক মণ্ডল কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২২৬২/২০১৩ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ১১/১০/২০১৭ খ্রি. তারিখের রায় নিম্নরূপ:

In the result, the Rule is made absolute.

The impugned memo No. শিম/শাঃ১৩/ এমপিও-১২/২০০৯/২২৯ dated 16.06.2010 issued by the respondent No. 2 cancelling the monthly payment order (MPO) of the Shukurerhat Bilateral Alim Madrasha, Mithapukur, Rangpur (annexure-E) is hereby declared to have been made without any lawful authority and is of no legal effect.

The respondents are directed to give monthly payment order (M.P.O) to the Shukurerhat Bilateral Alim Madrasha, Mithapurkur, Rangpur within 60 (sixty) days from the date of receipt of a copy of this judgment and order.

০৪ উক্ত রিট রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিত করার জন্য সূত্র (১) মূলের মাধ্যমে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ এ বিষয়ে হালনাগাদ তথ্যাদি তাঁর দপ্তর থেকে পাওয়া যায়নি।

০৫ এদিকে রিট মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫৯৯/২০১৮ দায়ের করা হয়। রিট পিটিশন নং-১২২৬২/২০১৩ মামলার ১১/১০/২০১৭ খ্রি. তারিখের রায় এবং কনটেম্পট পিটিশন নং-৫৯৯/২০১৮ এর বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নিম্নরূপ তথ্য প্রেরণের জন্য সূত্র (২) মূলের মাধ্যমে অনুরোধ করা হলেও অদ্যাবধি তা পাওয়া যায়নি:

ক. রিট পিটিশন নং-১২২৬২/২০১৩ মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত রায়ের বিরুদ্ধে সিএমপি/সিপি দাখিল হয়েছে কীনা;
খ. সিএমপি/সিপি দায়ের হয়ে থাকলে সিএমপি/সিপি এর সর্বশেষ অবস্থা কী;
গ. সিএমপি/সিপি দায়ের না হয়ে থাকলে সিএমপি/সিপি দায়ের না হওয়ার কারণ কী;
ঘ. উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে কবে নাগাদ আপীল দায়ের সম্ভব হবে;
ঙ. উক্ত মামলার বিষয়ে টিএমইডির করণীয় কী?

০৬ উল্লেখ্য, DME (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর) কে বারবার অনুরোধ সত্ত্বেও এখনো আপীল দায়ের না হওয়ায় (সর্বশেষ ১৯.১২.১৮ তারিখের পত্র প্রেরণের পরও প্রায় ০৬ মাস অতিক্রান্ত হওয়ায়) সময় তামাদির কারণে আপীল মামলা খারিজ হলে তা মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে।

০৭ এমতাবস্থায়, ০৫ নং অনুচ্ছেদ মতে চাহিত তথ্যাদি আগামী ২০.০৬.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিত্র)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১ সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য
২ সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৩ অতিরিক্ত সচিব (মাদ্রাসা)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪ অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫ অফিস কপি/মাস্টার কপি।